**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 11-05-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Somnath Temple:

সোমনাথ মন্দির পুনর্নির্মাণের ৭৫তম বার্ষিকী উপলক্ষে আজ সোমনাথ অমৃত পর্ব উদযাপিত হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সোমনাথ অমৃত পর্বে অংশগ্রহণ করবেন। তিনি ত্রিবেণী হেলিপ্যাড থেকে বীর হামিরজি গোহিলের মূর্তি পর্যন্ত এক কিলোমিটার দীর্ঘ একটি মেগা রোডশোতে নেতৃত্ব দেবেন। এই সফরে প্রধানমন্ত্রী সোমনাথ মন্দিরে 'কুম্ভাভিষেক', 'ধ্বজ পূজা' এবং 'মহা পূজা' সম্পন্ন করবেন। আধ্যাত্মিক অনুষ্ঠানগুলোর পর, প্রধানমন্ত্রী সদ্ভাবনা ময়দানে এক সমাবেশে ভাষণ দেবেন।

*******************************

## ADC-VILLAGE COMMITTEE:

রাজ্য নির্বাচন কমিশন জেলা পরিষদ অর্থ্যাৎ এডিসি`র ভিলেজ কমিটি নির্বাচনের জন্য প্রস্তুতি শুরু করেছে| কমিশন আজ ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ করবে| ভোট কেন্দ্রের খসড়া তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহণের কাজও একইসঙ্গে শুরু হবে। চলবে আগামী ১৫ই মে পর্যন্ত| দাবি ও আপত্তি নিষ্পত্তির কাজ শেষ হবে আগামী ১৬ই মে| ভিলেজ কমিটিগুলির ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে আগামী ১৮ই মে|

*******************************

## PM-Art of Living:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পরিবেশগত দায়িত্ব, যুব ক্ষমতায়ন এবং আত্মিক সুস্থতার মাধ্যমে একটি উন্নত ভারত গড়ার জন্য সম্মিলিত প্রয়াসের আহ্বান জানিয়েছেন। গতকাল বেঙ্গালুরুতে 'আর্ট অফ লিভিং'-এর ৪৫ তম বার্ষিকী উদযাপন অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান| তিনি 'আর্ট অফ লিভিং ইন্টারন্যাশনাল সেন্টার'-এ নবনির্মিত ধ্যান মন্দিরেরও উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী সেবা, আধ্যাত্মিকতা এবং সামাজিক রূপান্তরে আর্ট অফ লিভিং ফাউন্ডেশনের ভূমিকার প্রশংসা করেন। তিনি বলেন, →দেশ এখন 'মিশন লাইফ'-এর ওপরও গুরুত্ব দিচ্ছে। এটি আরও বেশি দায়িত্ব ও সচেতনতার সঙ্গে জীবনযাপনের একটি প্রাণবন্ত প্রচারাভিযান বলে উল্লেখ করেন প্রধানমন্ত্রী।

******************************

**→BANAE_QUEST 2026" :**

ড. বাবাসাহেব আম্বেদকর ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ ইঞ্জিনিয়ার্স -এর উদ্যোগে গতকাল আগরতলার সুকান্ত অ্যাকাডেমিতে অনুষ্ঠিত হয় →BANAE QUEST 2026" শীর্ষক পূর্বাঞ্চলীয় সম্মেলন। উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত আইন সচিব দাতা মোহন জমাতিয়া, সংগঠনের সর্বভারতীয় সভাপতি নাগসেন সোনারে৷ সম্মেলনে সুস্থায়ী উন্নয়ন, উদীয়মান প্রযুক্তি, সামাজিক ন্যায়, নারী ও শিশু কল্যাণ, সংরক্ষণ নীতি, শিক্ষা ও কর্মসংস্থান ইত্যাদি বিষয়ে আলোচনা হয়।

******************************

**PM -Telengana:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তেলেঙ্গানার হায়দ্রাবাদে প্রায় ৯,৪00 কোটি টাকা মূল্যের একাধিক পরিকাঠামো ও শিল্প প্রকল্পের গতকাল উদ্বোধন এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। রাজ্যকে গুরুত্বপূর্ণ এক উৎপাদন কেন্দ্র হিসেবে

প্রতিষ্ঠা করা এই প্রকল্পগুলির সমন্বিত লক্ষ্য এবং একই সাথে যোগাযোগ ব্যবস্থা শক্তিশালী করা, কর্মসংস্থান সৃষ্টি, সুদক্ষ সরবরাহ ব্যবস্থা ও নিরাপত্তা বাড়ানো এবং জনগণের জন্য উন্নততর যাতায়াত অভিজ্ঞতা প্রদান করাও প্রকল্পগুলির অন্যতম লক্ষ্য। এই উপলক্ষে প্রধানমন্ত্রী বলেন, কেন্দ্রের গৃহীত পদক্ষেপের কারণে ভারত পশ্চিম এশিয়ার সংঘাত থেকে উদ্ভূত জ্বালানি সংকট কার্যকরভাবে মোকাবেলা করছে এবং জ্বালানির সংযত ব্যবহারই এখন সময়ের দাবি। তিনি বলেন, আমদানি করা পেট্রোলিয়াম পণ্য প্রকৃত প্রয়োজন অনুসারে বিচক্ষণতার সাথে ব্যবহার করা উচিত, যা বৈদেশিক মুদ্রা সাশ্রয় এবং চলমান সংঘাতের প্রতিকূল প্রভাব কমাতে সাহায্য করবে।

******************************

**Ratan Lal Nath:**

বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ তেলিয়ামুড়ার দক্ষিণ হদ্রাই-তে গতকাল সোলার কমিউনিটি ওয়াটার পিউরিফিকেশন প্ল্যান্টের উদ্বোধন করেছেন। বিদ্যুৎ নিগমের উদ্যোগে সৌর আলোতে পরিচালিত এই প্ল্যান্ট বসানো হয়েছে। নিগম জানিয়েছে, এই প্ল্যান্ট থেকে প্রত্যেকদিন কুড়ি হাজার লিটার জল পরিশোধন হবে। এই প্ল্যান্ট থেকে বিশুদ্ধ পানীয় জল দক্ষিণ হদ্রাই এর প্রত্যন্ত এলাকার গ্রামবাসীদের জন্য স্থাপন করা হয়েছে।

******************************

**Union Home Minister:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সম্ভাব্য বন্যা ও তাপপ্রবাহ পরিস্থিতি মোকাবেলায় দেশের প্রস্তুতি নিয়ে গতকাল পর্যালোচনা করেছেন। নয়াদিল্লিতে আয়োজিত উচ্চ-পর্যায়ের বৈঠকে তিনি কেন্দ্রীয় সরকারি সংস্থাগুলির প্রস্তুতি মূল্যায়ন করেছেন এবং জীবনহানি শূন্য ও সম্পত্তির ক্ষয়ক্ষতি ন্যূনতম রাখা

নিশ্চিত করতে আগাম সতর্কীকরণ ব্যবস্থা, সংশ্লিষ্ট প্রযুক্তি সহ বাহিনী মোতায়েন এবং আন্তঃসংস্থা সমন্বয় পর্যালোচনা করেছেন।

******************************

## Summer Camp:

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক গ্রীষ্মকালীন ছুটিতে সারা দেশের সমস্ত স্কুলে 'ভারতীয় ভাষা সামার ক্যাম্প ২০২৬' আয়োজন করবে। সপ্তাহব্যাপী এই ক্যাম্পে শিক্ষার্থীদের আত্মপরিচয়, শব্দভান্ডার বৃদ্ধি, বাস্তব জীবনের কথোপকথন এবং সাংস্কৃতিক উপলব্ধির উপর কেন্দ্র করে বিভিন্ন ইন্টারেক্টিভ কার্যকলাপের মাধ্যমে নানা ভারতীয় ভাষায় প্রাথমিক যোগাযোগের দক্ষতা শেখার একটি আকর্ষণীয় সুযোগ করে দেবে।

******************************

## Rongali Bihu Governor:

আসাম এসোসিয়েশন অব, ত্রিপুরার উদ্যোগে অন্যান্য বছরের মতো এবছরও কর্ম্মসূত্রে ত্রিপুরায় বসবাসরত আসামবাসীদের অন্যতম প্রধান উৎসব রঙ্গালী বিহু উদযাপন করা হয়। রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু গতকাল সন্ধ্যায় আগরতলার নজরুল কলাক্ষেত্রে এই উৎসবের উদ্বোধন করেন। এবছর আসাম এসোসিয়েশন অব ত্রিপুরার এটি রজত জয়ন্তী রঙ্গালী বিহু উৎসব।

******************************

## Fit India:

দিল্লির ঐতিহাসিক মেজর ধ্যানচাঁদ ন্যাশনাল স্টেডিয়ামে গতকাল ফিট ইন্ডিয়া "সানডেস অন সাইকেল"-এর ৭৩তম সংস্করণ আয়োজিত হয়। দেশব্যাপী এই সাইকেল আন্দোলনে প্রতিরক্ষা বাহিনীর সদস্যরাও সাধারণ নাগরিকদের সঙ্গে যোগ দেন।

******************************

**Blind Cricket:**

আসামের বিরুদ্ধে দৃষ্টিহীনদের তিন ম্যাচের ক্রিকেট সিরিজ দখল করলো ত্রিপুরা। গতকাল দ্বিতীয় ম্যাচেও রাজ্যদল জয় পেয়েছে। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে অনুষ্ঠিত খেলায় ত্রিপুরা ৮৯ রানে জয় পায়। ফলে সিরিজ ২-0 তে জিতে নেয় রাজ্যদল।

******************************

**Knockout Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতার গতকাল তিনটি খেলা হয়। এম বি বি স্টেডিয়ামে বনমালিপুর ক্রিকেট ক্লাব ৬ উইকেটে সংহতি ক্লাবকে, নরসিংগড়ের পি টি এ মাঠে কসমোপলিটন ক্লাব 40 রানে ইউনাইটেড ফ্রেন্ডসকে এবং নরসিংগড়ের টি আই টি মাঠে স্ফুলিঙ্গ ক্লাব ৬ উইকেটে শতদল সংঘকে পরাজিত করে।

******************************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারনত মেঘলা থাকবে | রাজ্যের সর্বত্র বজ্র-বিদ্যুত সহ বিক্ষিপ্তভাবে দু`এক পশলা হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে৷ আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৬ ডিগ্রির কাছাকাছি থাকতে পারে। ভোরে আগরতলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২.১ ডিগ্রি সেলসিয়াস।সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত পরিমাপযোগ্য বৃষ্টিপাত ২৩.৮ মিলিমিটার৷

******************************

******************************